গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(মনিটরিং-১ শাখা)
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১৩ (অংশ-১)- ৩৬৩/১ তারিখ: ২১ ভাদ্র ১৪২৯ / ০৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৯ তথাঃ তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষনের জন্য গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | জনাব হাবিবুর রহমান<br>যুগ্মসচিব (উন্নয়ন) ও সভাপতি, তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা পরিবীক্ষণ কমিটি, স্থানীয় সরকার বিভাগ। |
| তারিখ ও সময় | ০৪. সেপ্টেম্বর, ২০২২ খ্রি:, দুপুর ১২.৩০ টা। |
| সভার স্থান | কক্ষ নং-১১৭, ভবন -৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-'ক'

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ সাঈদ-উর-রহমান, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ বিগত সভার সিদ্ধান্তসমুহের অগ্রগতির বিবরণ সভায় উপস্থাপন করেন। সভায় সদস্যগণ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করায় এবং তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরী সম্পন্ন হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদান করায় উপস্থিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন। তাছাড়া স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে মর্মে সহকারী প্রোগ্রামার সভাকে অবহিত করেন। সভার সদস্যগণ স্বপ্রণোদিতভাবে প্রকাশের তালিকাভূক্ত ২২ ধরনের হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রত্যক্ষ করেন এবং প্রত্যক্ষক্রমে তথ্য সমূহ হালনাগাদ হয়েছে মর্মে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। সভার সভাপতি ৩১.১২.২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের জন্য নির্দিষ্টকৃত দুটি কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে মর্মে স্বীকৃতি প্রদানের নিমিত্ত পরবর্তী মাসিক সমন্বয় সভায় বিষয়টি তুলে ধরার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করেন। তাছাড়া অন্যান্য কার্যক্রমসমূহ ৩০ জুন' ২০২৩ তারিখের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

০২. সভায় বিস্তারিত আলোচনান্তে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান। | তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানসহ রেজিষ্টারে তা লিপিবদ্ধ করতে হবে এবং প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য প্রদান ইউনিট |
| ০২. | [১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য ৩১.১২.২০২১ তারিখের মধ্যে হালনাগাদ করা হয়েছে মর্মে মাসিক সমন্বয় সভার স্বীকৃতির লক্ষ্যে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। এ ছাড়া ০৩ মাস পর পর ওয়েব সাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. যুগ্মসচিব (মওমূ) স্থানীয় সরকার বিভাগ<br>২. সহকারি প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ। |
| ০৩. | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করণ | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করণ করা হয়েছে মর্মে সমন্বয় সভার স্বীকৃতির লক্ষ্যে সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন), স্থানীয় সরকার বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ। | (১) তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সংক্রান্ত লিফলেট মুদ্রণ এবং এ বিভাগের আওতাধীন সকল দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহে তা প্রেরণ করতে হবে। এ বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) বরাবরে পত্র প্রেরণ করতে হবে।<br>(২) স্থানীয় সরকার বিভাগ বিভিন্ন ইস্যুতে অংশীজনদের নিয়ে সভা করে থাকেন। অংশীজনদের নিয়ে সভা অনুষ্ঠানকালে আলোচ্যসূচীতে তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত বিষয় অন্তর্ভূক্তির জন্য পত্র প্রেরণ করতে হবে। (১) প্রথম সভা আগামী ২০ অক্টোবর, ২০২২, (২) দ্বিতীয় সভা ২০ ডিসেম্বর, ২০২২ এবং তৃতীয় সভা আগামী ২১ মার্চ, ২০২৩ অনুষ্ঠানের বিষয়ে প্রস্তাব করা হয়। | যুগ্মসচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ |
| ০৫. | [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন। | তথ্য অধিকার বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে একটি করে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ। |
| ০৬. | বিবিধ | স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সহকারী সচিব (মূ:-১) জনাব পিন্টু বেপারী-কে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৯ তথা তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্ম পরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য গঠিত কমিটিতে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখঃ ০৫.০৯.২০২২ খ্রিঃ
(হাবিবুর রহমান)
যুগ্মসচিব (ম ও মূ)
ও
সভাপতি,
তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা পরিবীক্ষণ কমিটি,
স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং-৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১৩ (অংশ-১)-৩৬৯/২ (৭) তারিখ: ২১ ভাদ্র ১৪২৯ / ০৫ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৩.উপসচিব (উপজেলা-২)/ইউপি-২ শাখা), অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৪. সিনিয়র সহকারী সচিব, (সমন্বয় ও কাউন্সিল)/নগর উন্নয়ন-২ শাখা।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।
৭. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন)এর দপ্তর (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস কপি।

মোহাম্মদ সাঈদ-উর-রহমান
উপসচিব
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
E-mail:mon1@lgd.gov.bd

lgd monitoring